



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯

ই-মেইল : iprd@bou.ac.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত
কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”

প্রেস রিলিজ

২৮ সেপ্টেম্বর ২০২২

শেখ হাসিনা বাঙালি জাতির আত্মপরিচয় ফিরিয়ে এনেছেন

বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে আজ ২৮ সেপ্টেম্বর ২০২২, বুধবার বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা সম্মেলন ও প্রশিক্ষণ কেন্দ্রে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ কন্যা শেখ হাসিনার ৭৫তম জন্মবার্ষিকী উপলক্ষে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সার্বিক ব্যবস্থাপনায় বাউবি'র শিক্ষক সমিতি এবং বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরামের আয়োজনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এ আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে বাউবি'র উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার বলেন, “স্বাধীনতার মধ্যে দিয়ে বাঙালি জাতির যে আশা আকাঙ্ক্ষা জন্মেছিলো ১৯৭৫ পরবর্তী সময়ে তা ভুলটিষ্ঠিত হয়। বাংলাদেশের যে ঐতিহ্যময় সংগ্রামী রাজনৈতিক ইতিহাস রয়েছে সেটা আমরা ভুলতে বসেছিলাম। পরবর্তীতে জননেত্রী শেখ হাসিনার দিকনির্দেশনা ও নেতৃত্ব জাতিকে সমৃদ্ধ করেছে, যা আমাদের ধরে রাখতে হবে। তিনি ১৯৮১ সালে দেশে ফিরে না এলে বাঙালি তার মৌলিকত্ব, আত্মপরিচয় ফিরে পেতো না। দেশে ফিরে দেশ মাতৃকার উন্নয়নে পিতার স্বপ্নের সোনার বাংলা গড়ার প্রত্যয়ে নিজেকে নিবেদিত করেন। তিনি দেশের অভূতপূর্ব অগ্রযাত্রার কাণ্ডারি হিসেবে ইতিহাসের পাতায় দ্যুতিময় আলো ছড়াচ্ছেন। উপাচার্য ড. সৈয়দ হুমায়ুন আখতার মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুস্থতা ও দীর্ঘায়ু কামনা করেন।



আলোচনার সভায় ভার্চুয়ালি যুক্ত হয়ে প্রধান আলোচক ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ বলেন, শৈশব থেকে আমি ও নন্দিত নেত্রী শেখ হাসিনা এক সাথে বড় হয়েছি। তাঁর বিচক্ষণতা, নেতৃত্বের বলিষ্ঠতা আর দূরদর্শিতা সব সময় আমাদের সাহস জুগিয়েছে। জাতির দুঃসময়ে তিনি জীবনের ঝুঁকি নিয়ে এ দেশের মানুষের মাঝে ফিরে এসেছিলেন। আজ তাঁর জন্মদিনে জানাই প্রাণঢালা অভিনন্দন।

সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাউবি'র প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন (ভার্চুয়ালি যুক্ত হন), ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, বাউবি'র বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরামের সভাপতি অধ্যাপক মো: আনোয়ারুল ইসলাম এবং শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ও সহকারী অধ্যাপক আব্দুস সাত্তার।

বাউবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ডা. সরকার মো. নোমানের সভাপতিত্বে বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরামের সাধারণ সম্পাদক ও সহকারী অধ্যাপক মেহেরীন মুনজারীন রত্নার সঞ্চালনায় সভায় ধন্যবাদ জ্ঞাপন করেন রেজিস্ট্রার ড. মহা. শফিকুল আলম। আলোচনা সভায় বাউবি'র বিভিন্ন স্কুলের ডিন, বিভাগীয় প্রধান, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)।